



Embassy of the People's Republic of Bangladesh in Jakarta

Jl. Jaya Mandala Raya No. 93, Menteng Dalam, Tebet, Jakarta, Selatan 12780

Tel: (62-21)-22835476, (62-21)-22835477, Fax: (62-21)-28543765

Email: mission.jakarta@mofa.gov.bd, bdootjak@yahoo.com



নং-বিইজে-কনস-১২(১০)/২০১৫

তারিখ: ৩০ এপ্রিল ২০২০

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দূতাবাস এখন পর্যন্ত ২২১ জন বাংলাদেশি নাগরিকগণের স্বদেশ প্রত্যাবর্তনের অনুরোধ পেয়েছে, এর মধ্যে ৯৩ জন জাকার্তা এবং বাকি ১২৮ জন ১৯টি ইন্দোনেশিয়ান বিভিন্ন শহর/দ্বীপে অবস্থান করছেন। আপনারা ইতোমধ্যে অবগত আছেন যে, দূতাবাস Air Asia, Sriwijaya -সহ বাংলাদেশ বিমানের মাধ্যমে দেশে প্রত্যাবর্তনের সুবিধা সমূহ ক্ষতিয়ে দেখেছে এবং এ উপলক্ষ্যে বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়, ইন্দোনেশিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয় ও ইন্দোনেশিয়ান দূতাবাস, ঢাকাতে যোগাযোগ করেছে। আপনারা জেনে আশ্বস্ত হবেন যে, ইন্দোনেশিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে নিশ্চিত হতে পারা গিয়েছে যে, Garuda Indonesia -এর একটি ফ্লাইট জাকার্তা-ঢাকা-জাকার্তা রুটে কয়েক সপ্তাহের মধ্যে যাওয়ার সম্ভবনা রয়েছে। ইন্দোনেশিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাভা দ্বীপে অবস্থানরত বাংলাদেশীগণ নিজ দায়িত্বে সড়ক পথে ফ্লাইটের কমপক্ষে ০৫ দিন পূর্বে জাকার্তায় এসে COVID-19 টেস্টসহ প্রয়োজনীয় সমস্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে উক্ত ফ্লাইটে যাতায়াত করতে পারবেন। এমতাবস্থায়, জাভা দ্বীপে অবস্থানরত সকল বাংলাদেশি নাগরিকগণকে যারা Garuda Indonesia ফ্লাইটের মাধ্যমে বাংলাদেশে ফিরে যেতে চান দূতাবাস তাদের তথ্যাদি প্রেরণ করবে এ উপলক্ষ্যে Garuda Indonesia ফ্লাইট নিশ্চিত হওয়ার পরই বাকি তথ্যাদি দূতাবাসের Website -এ প্রকাশ করা হবে। জাভা দ্বীপে অবস্থানরত যে সকল বাংলাদেশি নাগরিকগণ দেশে ফিরে যেতে ইচ্ছুক অথচ এখনও রেজিস্ট্রেশন করেন নাই সে সকল বাংলাদেশি নাগরিকগণকে নিম্নলিখিত তথ্যাদি পূরণ পূর্বক পাসপোর্ট কপি সহকারে দূতাবাসের ইমেইল (consular.jakarta@mofa.gov.bd)-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

1. Full Name :
2. Date of Birth :
3. Passport No :
4. Purpose of visit in Indonesia :
5. Present Location in Indonesia :
6. Visa Category :
7. Visa Expiry date :
8. Phone/Mobile Number in Indonesia :
9. Date of Last Arrival and flight number in Indonesia :
10. Returning Date and Flight Number :
11. Emergency Contact Number in Indonesia :
12. Permanent Address & Contact Number in Bangladesh:

দূতাবাস কর্তৃপক্ষ

“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

“Mujib Year's Diplomacy, Friendship & Prosperity”